গণপ্রাজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড , ঢাকা।

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৪.০৫.০০৫.১৬-৩৪২ তারিখ : ৩১/০৭/২০১৮

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার নৈতিকতা কমিটির গত ২৮/০৬/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী :

সভাপতি : জাহানারা পারভীন
তারিখ : ২৮/০৬/২০১৮
সময় : বেলা ১২.০০ টা
স্থান : জাতীয় মহিলা সংস্থার সভাকক্ষ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে ২৮/০৬/২০১৮ তারিখ বেলা ১২.০০ টায় কমিটির সভাপতি জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালকের সভাপতিত্বে একসভা সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান মহোদয় উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- এ সন্নিবেশিত।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করে শুনান। সর্ব সম্মতিক্রমে উক্ত কার্যবিবরনী অনুমোদিত হয়। সভায় জানানো হয় যে, সংস্থায় নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এর ছক অনুযায়ী মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এছাড়া মন্ত্রণালয়ের চাহিদা মতে ইতোপূর্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য সংস্থার কার্যক্রমের এপ্রিল/১৮ থেকে জুন/ ১৮ এর ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০১৮-২০১৯ প্রণয়ন করে ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি সংস্থার সকল প্রকল্প পরিচালক ও কর্মকর্তাগনকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০১৮-২০১৯ প্রদানের জন্য নির্দেশনা দেন।

৩। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটি গঠন। | সভায় জানানো হয় যে, ইতোমধ্যে সংস্থার নৈতিকতা কমিটি ২৮/০৫/২০১৩ তারিখে গঠন করা হয়েছে। পরবর্তীতে ১২/০৪/২০১৬ তারিখে কমিটিটি পুর্ণগঠন করা হয়। | কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রাম অফিসার |
| ২। | নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন। | নৈতিকতা কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করা | তিন মাস অন্তর পরবর্তী সভা করতে হবে। | প্রোগ্রাম অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়। ২৮ জুন ২০১৮ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশলের চলতি অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। | | |
| ৩। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট নিয়োগ | জাতীয় মহিলা সংস্থার পরিচালককে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। | ফোকাল পয়েন্ট ToR অনুযায়ী দায়িত্ব পালন করবেন। | পরিচালক |
| ৪। | অংশীজনের অংশগ্রহণে সভা। | অংশীজন অর্থাৎ জেলা/উপজেলা শাখার চেয়ারম্যানদের অংশ গ্রহণে সভা করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থ বছরে ২টি সভা করা হয়েছে। | আগামী অর্থ বছরের কর্ম পরিকল্পনা নির্ধারণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ৫। | সচেতনতা বৃদ্ধিমূলক সভা | সভায় জানানো হয় যে, ৬৪টি জেলা শাখার এবং ৫০টি উপজেলা শাখার চেয়ারম্যানদের নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ২টি মতবিনিময় সভা করা হয়েছে। | আগামী অর্থ বছরের কর্ম পরিকল্পনা নির্ধারণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ৬। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নসহ শুদ্ধাচার কৌশল সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়ার জন্য আলোচনা করা হয়। চলতি অর্থ বছরে ০৬-০৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ সংস্থার প্রধান কার্যালয়, জেলা ও উপজেলা শাখায় নিয়োজিত অফিস সহায়কদের "শৃঙ্খলা ও আচরনবিধি" বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। ১৭-১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ সংস্থার প্রধান কার্যালয় ও জেলা শাখায় নিয়োজিত কর্মকর্তাদের ০২ দিন ব্যাপী " জাতীয় তথ্য বাতায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ" – এর | আগামী অর্থ বছরে কর্মপরিকল্পনা নির্ধারন করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আয়োজন করা হয়। ১০-১১ মার্চ ২০১৮ তারিখ সংস্থার প্রধান কার্যালয় ও জেলা শাখায় নিয়োজিত কর্মকর্তাদের ০২ দিন ব্যাপী " জাতীয় তথ্য বাতায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ" – এর আয়োজন করা হয়। | | |
| ৭। | শুদ্ধাচার পুরষ্কার প্রদান | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরকারী কর্মকর্তা /কর্মচারীদের শুদ্ধাচার চর্চার উৎসাহ প্রদানের লক্ষ্যে 'শুদ্ধাচার পুরষ্কার প্রদানের নীতিমালা, ২০১৭' প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে শুদ্ধাচার প্রণোদনা পুরষ্কার প্রদানের নীতিমালা অনুযায়ী ইতোমধ্যে কমিটি গঠন করা হয়েছে। আগামী অর্থ বছরে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার প্রণোদনা পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী অর্থ বছরে (২০১৮-২০১৯) সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের শুদ্ধাচার প্রণোদনা পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। | প্রোগ্রাম অফিসার |
| ৮। | সংস্থা কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসংস্থান চুক্তিতে বর্ণিত তালিকা অনুযায়ী কমপক্ষে ২টি করে অনলাইন সেবা চালু করা। | সহকারী পরিচালক (প্রকাশনা) জানান হোস্টেলে ভর্তি ইচ্ছুক কর্মজীবী মহিলাদের জন্য সংস্থার ওয়েব সাইট www.jms.gov.bd এ ভর্তি ফরম দেয়া হয়েছে। আগ্রহী প্রার্থীগণ অনলাইনে আবেদন করতে পারবে। | সংস্থার ওয়েব সাইট www.jms.gov.bd এর মাধ্যমে অনলাইনে হোস্টেলে ভর্তি ইচ্ছুকদের আবেদন করতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |
| ৯। | ই-টেন্ডার চালুকরণ | সভায় জানানো হয় যে, ই-টেন্ডার চালুকরণের জন্য সংস্থাকে অর্ন্তভূক্ত করা হয়েছে। ইতোমধ্যে সংস্থায় ই-টেন্ডার কার্যক্রম চালু করা হয়েছে। সংস্থা পরিচালিত ৫টি জেলা (গোপালগঞ্জ, নড়াইল,দিনাজপুর, | সংস্থায় ই-টেন্ডার কার্যক্রম চালু রাখতে হবে। | সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কিশোরগঞ্জ ও মৌলভী বাজার) কমপ্লেক্স ভবন ও প্রধান কার্যালয় শক্তিশালীকরণ কর্মসূচির মাধ্যমে জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়সহ জেলা অফিসের জন্য কম্পিউটার, ল্যাপটপ, এসি ও ফার্নিচার বাবদ প্রায় ১.০০ কোটি টাকার পণ্য ই-জিপিতে ক্রয় করা হয়েছে। এছাড়া জাতীয় মহিলা সংস্থার নিজস্ব তহবিল থেকে ১৮,২৩,৫০০/- টাকার মালামাল/কম্পিউটার ক্রয় ই-জিপিতে সম্পন্ন হয়েছে। | | |
| ১০। | ই-ফাইলিং চালুকরণ | সংস্থার ই-ফাইলিং চালু করার নিমিত্ত কম্পিউটার,ল্যাপটপ ও স্ক্যানার ক্রয় করা হয়েছে। ইতোমধ্যে সংস্থার সকল কর্মকর্তাকে ল্যাপটপ সরবরাহ করা হয়েছে। কিন্তু সকল শাখায় স্ক্যানার দেয়া হয়নি। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) কে সকল শাখায় স্ক্যানার সরবরাহ করার জন্য আলোচনা হয়। | সংস্থার সকল শাখায় নিকশ/ইউনিকোড ব্যবহার করাসহ ই-ফাইলিং চালু রাখতে হবে। প্রথমে ই-ফাইলিং এর মাধ্যমে নথি প্রেরণ নিশ্চিত করে পরে হার্ড কপি প্রেরণ করতে হবে। স্ক্যানার ক্রয় করে সংস্থার সকল শাখায় সরবরাহ নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |
| ১১। | ইনোভেশন টিম কর্তৃক উপস্থাপিত উদ্ভাবনী ধারণা (Innovative Idea) বাস্তবায়ন | চলতি অর্থ বছরে ২টি উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। যথা- (১) সংস্থা পরিচালিত প্রকল্পের প্রশিক্ষণার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি ফর্ম সংস্থার ওয়েব সাইটে প্রকাশ এবং অনলাইন এর মাধ্যমে আবেদনপত্র দাখিল (২) নির্যাতিত মহিলাদের আইনগত সহায়তা প্রদান সহজীকরণ করার ব্যবস্থা গ্রহণ। সভায় জানানো হয় যে, | সংস্থা পরিচালিত প্রকল্প সমূহের প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি ওয়েব সাইটে দেয়া অব্যাহত রাখতে হবে। নারী নির্যাতনের শিকার সেবা প্রত্যাশীদের হাজিরার তারিখ টেলিফোন/মোবাইলে SMS করে জানিয়ে দিতে হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নারী নির্যাতন প্রতিরোধ সেলের নির্যাতিত নারীদের আইনগত সহায়তা প্রদান ইতোমধ্যে কিছুটা সহজীকরন করা হয়েছে। বিচার প্রত্যাশী নির্যাতনের শিকার মহিলাদের আবেদন গ্রহণের সাথে সাথে শুনানীর তারিখ জানিয়ে দেয়া হয়। বাদী/বিবাদী শুনানীর দিনে উপস্থিত না হলে টেলিফোনে/মোবাইল এ পরবর্তী হাজিরার তারিখ জানিয়ে দেয়া হয়। এছাড়া যেকোন ধরণের তথ্য টেলিফোনের মাধ্যমে জানানো হয়। সেবা প্রত্যাশীদের শুনানীর তারিখ এবং হাজিরা/শুনানীতে উপস্থিত না হলে মোবাইলে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়ার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | | |
| ১২। | অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ম্যানুয়েল ২০০৫ এর বিধান অনুযায়ী গঠিত অডিট কমিটির সভা আয়োজন। | - | - | - |
| ১৩। | অডিট আপত্তি নিষ্পত্তি করণ। | সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা করা হয়। চলতি অর্থ বছরে ২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। সভায় জানানো হয়। | আগামী অর্থ বছরে অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে জোর প্রচেষ্টা চালাতে হবে। | সহকারী পরিচালক (হিসাব ও অর্থ) |
| ১৪। | দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম (যেমন: ইলেক্ট্রনিক উপস্থিতি, গণশুনানী ইত্যাদি) গ্রহণ | সভায় জানানো হয় যে, প্রতি মাসের ২য় সপ্তাহের বৃহস্পতিবার সংস্থায় গনশুনানী অনুষ্ঠানের জন্য তারিখ নির্ধারন করা হয়েছে। ইতোমধ্যে সংস্থার উদ্যোগে কর্মকর্তা/কর্মচারী এবং শহীদ আইভী রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের | গনশুনানীর তথ্য সংস্থার ওয়েব সাইটে এবং নোটিশ বোর্ডে দিতে হবে। সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের অফিসে ইলেক্ট্রনিক উপস্থিতির বিষয়ে কার্যক্রম অতিশীঘ্রই বাস্তবায়ন করা হবে। | সহকারী পরিচালক (প্রকাশনা)/সহঃপ্রোগ্রামার/ কম্পিউটার প্রশিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বোর্ডারদের উপস্থিতিতে গনশুনানী অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে আরো ২টি গনশুনানীর জন্য নোটিশ করা হয়। কিন্তু কোন অভিযোগ পাওয়া যায়নি। ভবনের সম্মুখে গনশুনানীর বিষয়ে সাইনবোর্ড/ ব্যানার দেয়া হয়েছে বলে সভায় জানানো হয়। গনশুনানীর তথ্য সংস্থার ওয়েব সাইটে দিতে হবে বলে সভায় আলোচনা হয়। এছাড়া সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের অফিসে ইলেক্ট্রনিক উপস্থিতির বিষয়ে কার্যক্রম গ্রহনের জন্য আলোচনা হয়। | | |
| ১৫। | বিভিন্ন কর্মসূচী/ কার্যক্রম ই-মনিটরিং | সভায় সংস্থার জেলা/উপজেলা শাখার কার্যক্রম, প্রকল্প ও কর্মসূচির প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করার লক্ষ্যে সকলকে স্কাইপে আইডি/ইমো/ভাইবার ইত্যাদি ব্যবহার করার বিষয়ে আলোচনা করা হয়। বিভিন্ন প্রকল্প/কর্মসূচির কার্যক্রম স্কাইপে, ভিডিও কলিং, ইমো ইত্যাদির মাধ্যমে নির্বাহী পরিচালক ও অন্যান্য কর্মকর্তাগন ই-মনিটরিং করেন বলে সভায় জানানো হয়। | সংস্থার সকল জেলা/উপজেলা শাখার কার্যক্রম, প্রকল্প ও কর্মসূচির প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করা অব্যাহত রাখতে হবে। | সকল শাখা প্রধান |
| ১৬। | সংস্থার ভবনের দেয়ালে শুদ্ধাচারের শ্লোগান সম্বলিত স্টীকার লাগানো | সভায় আলোচনা করা হয় যে, সংস্থা ভবনের দেয়ালে শুদ্ধাচারের শ্লোগান সম্বলিত স্টীকার লাগানোর জন্য ২০০০ পোস্টার ছাপানো হয়েছে বলে সভায় জানানো হয়। এসকল পোস্টার সংস্থা ভবনের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে লাগানো হয়েছে। জেলা/উপজেলা শাখার অফিসে লাগানোর জন্য | - | সহকারী পরিচালক (প্রকাশনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পোস্টার প্রেরণ করা হয়েছে। | | |
| ১৭। | শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative) বাজেট বরাদ্দ | সভায় আলোচনা করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য আলাদা বাজেট বরাদ্দ নেই। সভায় জানানো হয় যে, শুদ্ধাচার বাস্তবায়ন কার্যক্রমের ব্যয় ভার বহনের জন্য অর্থ বিভাগ থেকে ২০১৮-২০১৯ অর্থ বছরে নির্দিষ্ট অর্থনৈতিক কোড বরাদ্দ প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট কোড থেকে কর্ম-পরিকল্পনা চিহ্নিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় নির্বাহ করা যাবে। সংস্থার ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটে শুদ্ধাচার কাযক্রম বাস্তবায়নের জন্য কোড সংযুক্ত করে বরাদ্দ চাওয়ার বিষয়ে আলোচনা হয়। | সংস্থার ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেটে শুদ্ধাচারের কোড অন্তর্ভূক্ত করে বরাদ্দ চাইতে হবে। | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |
| ১৮। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | সভাকে অবহিত করা হয় যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৮-২০১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কৌশলের ২০১৮-২০১৯ কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষন কাঠামো সংস্থার প্রকল্প পরিচালক ও কর্মকর্তাদের প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | সংস্থার সকল শাখাকে শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সে লক্ষ্যে সংস্থার সকল প্রকল্প পরিচালক ও কর্মকর্তাগনকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০১৮-২০১৯ প্রদান করতে হবে। | পরিচালক/ প্রকল্প পরিচালক/উপ-পরিচালক সহঃপরিচালক (প্রশা/হিঃ ও অর্থ/প্রকাঃ/ প্রকল্পঃ)/প্রোগ্রাম অফিসার/পরিদর্শন অফিসার/সহঃপরিঃ (অর্থ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯। | মন্ত্রণালয়ে পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল | সভায় অবহিত করা হয় যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী চলতি অর্থ বছরের এপ্রিল-জুন/২০১৮ পর্যন্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পর পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে NIS focal point এর নিকট ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরিচালক/প্রোগ্রাম অফিসার |

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
(জাহানারা পারভীন)
নির্বাহী পরিচালক (অতিঃসচিব)
জাতীয় মহিলা সংস্থা

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প।
২। প্রকল্প পরিচালক, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (তথ্য আপা) প্রকল্প।
৩। প্রকল্প পরিচালক, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প।
৪। প্রকল্প পরিচালক, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।
৫। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
৬। উপ-পরিচালক, জামস।
৭। সহকারী পরিচালক, প্রশাসন/প্রকল্প/প্রকাশনা/অর্থ ও হিসাব, জাতীয় মহিলা সংস্থা।
৮। প্রোগ্রাম অফিসার/সহকারী পরিচালক (অর্থ)/পরিদর্শন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৯। পি এ টু, চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জামস।
১০। পি এ টু নির্বাহী পরিচালক (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জামস।

(কে, এম রফিকুল ইসলাম)
পরিচালক
জাতীয় মহিলা সংস্থা